

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং-টিএসসি/ভোক/নড়াইল/১৯৫৬/২০১১/ ৩২০

তারিখ : ২৪/০২/২০১৭ খ্রিঃ


বিষয় : নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজের সামনে পৌরসভা কর্তক পানি নিষ্কাশনের খাল বন্ধ করা এবং অবৈধ স্থাপনা নির্মাণ প্রসঙ্গে।
সূত্র : নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-৩৭.০৩.৬৫০০.০০০.২৫.১২৮.৮১.১০৫৫, তারিখ : ১৪/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ যশোর-নড়াইল মহাসড়ক সংলগ্ন নীচু জায়গায় অবস্থিত। বর্ষা মৌসুমে অত্র প্রতিষ্ঠান হতে পানি নিষ্কাশনের জন্য একটি মাত্র ড্রেন আছে, যা প্রতিষ্ঠানের উত্তর দিকের সীমানা প্রাচীর দিয়ে বের হয়ে মহাসড়ক সংলগ্ন নিচু জায়গায় জমা হয়। মহাসড়ক সংলগ্ন কোন ড্রেন না থাকায় পানি কোথাও বের হতে পারে না।

- ২। সম্প্রতি নড়াইল পৌরসভার মাধ্যমে হাইওয়ে সংলগ্ন নীচু জমি ভরাট করা হচ্ছে এবং উক্ত স্থানে ট্যাক্সি স্ট্যাণ্ড তৈরী করা হবে মর্মে জানা গেছে। ইতোমধ্যে বালি দ্বারা ভরাট করা হয়েছে এবং প্রতিষ্ঠানের ড্রেনের উচ্চতা হতে অনেক উচুতে বালি ভরাট করা হয়েছে। ফলে ড্রেন সমূহ ইতোমধ্যে বন্ধ হয়ে গেছে। আগামী বর্ষা মৌসুমে প্রতিষ্ঠানটি বৃষ্টির পানিতে তলিয়ে গিয়ে সরকারী অনেক মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হওয়ারসহ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের পড়াশোনা বিঘ্নিত হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। এছাড়া প্রতিষ্ঠান সংলগ্নস্থানে ট্যাক্সি স্ট্যাণ্ড করা হলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়াসহ এখানকার পরিবেশ নষ্ট হবে।
- ৩। নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-৩৭.০৩.৬৫০০.০০০.২৫.১২৮.৮১.১০৩৮, তারিখ : ০৬/০২/২০১৭ খ্রিঃ মূলে অধ্যক্ষ নড়াইল পৌরসভার মেয়র বরাবরে পত্র দেয়া সত্ত্বেও তারা রাতের আধারে মাটি ভরাটসহ অন্যান্য বে-আইনী কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।
- ৪। এমতাবস্থায়, বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে উক্ত স্থান ভরাট করে যাতে ট্যাক্সি স্ট্যাণ্ড না করা হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।


বিষয়টি অতীব জরুরী।

জেলা প্রশাসক
নড়াইল


১৪.২.২০১৭
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। পুলিশ সুপার, নড়াইল।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।